
অর্থনীতিতে নোবেল পুরস্কার পেলেন রবার্ট হল ও মাইকেল উডফোর্ড



ছবি: সংগৃহীত

অর্থনীতিকে স্থিতিশীল রাখার নীতির ক্ষুদ্র অর্থনৈতিক ভিত্তি প্রতিষ্ঠায় অবদানের জন্য ২০২৬ সালের অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন দুই মার্কিন অর্থনীতিবিদ রবার্ট ই. হল ও মাইকেল উডফোর্ড। সামষ্টিক অর্থনীতির নীতি নির্ধারণে তাঁদের গবেষণাকে স্বীকৃতি হিসেবে যৌথভাবে এ পুরস্কার দেওয়া হয়েছে।

সোমবার (১২ অক্টোবর) সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সেস তাঁদের নাম ঘোষণা করে। সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক সভারিয়েস রিক্সব্যাংকের অর্থায়নে আলফ্রেড নোবেলের স্মরণে অর্থনীতিবিজ্ঞানে এ পুরস্কার দেওয়া হয়।

রবার্ট ই. হল ১৯৪৩ সালে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার পালো আল্টোতে জন্মগ্রহণ করেন। তিনি স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির ইমেরিটাস অধ্যাপক এবং হুভার ইনস্টিটিউশনের জ্যেষ্ঠ গবেষক। অন্যদিকে, ১৯৫৫ সালে ম্যাসাচুসেটসের চিকোপিতে জন্ম নেওয়া মাইকেল উডফোর্ড নিউইয়র্কের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক অর্থনীতির অধ্যাপক।

পুরস্কার ঘোষণায় বলা হয়, অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখতে নীতিনির্ধারণী মডেল কীভাবে আরও কার্যকর করা যায়, তা নিয়ে তাঁদের গবেষণা গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। মূল্যস্ফীতি, উৎপাদন ও ভোগের মতো সামষ্টিক অর্থনৈতিক সূচকের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণের পাশাপাশি তাঁরা ব্যক্তি, পরিবার ও ব্যবসাপ্রতিষ্ঠানের সিদ্ধান্তকে অর্থনৈতিক মডেলের ভিত্তি হিসেবে গুরুত্ব দিয়েছেন।

ক্ষুদ্র অর্থনৈতিক বিশ্লেষণে ব্যক্তি ও প্রতিষ্ঠান কীভাবে সিদ্ধান্ত নেয় এবং সেই সিদ্ধান্ত সামগ্রিক অর্থনীতিতে কী প্রভাব ফেলে, তা ব্যাখ্যা করা হয়। হল ও উডফোর্ডের গবেষণা দেখিয়েছে, অর্থনীতিকে স্থিতিশীল রাখার নীতি নির্ধারণে শুধু মূল্যস্ফীতি, উৎপাদন ও ভোগের সামগ্রিক পরিসংখ্যান বিবেচনা করলেই হয় না; এসব সূচকের পেছনে থাকা সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াও বুঝতে হয়।

এর আগে ২০২৫ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পান জোয়েল মোকির, ফিলিপ আগিয়োঁ ও পিটার হাউইট। প্রযুক্তিগত অগ্রগতির মাধ্যমে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বশর্ত চিহ্নিত করা এবং সৃজনশীল ধ্বংসের মাধ্যমে প্রবৃদ্ধির তত্ত্ব প্রতিষ্ঠায় অবদানের জন্য তাঁদের এ সম্মাননা দেওয়া হয়।